PDF Compressor Pro

(X)

SET-4

Series HRK

Code No. 7

Candidates must write the Code on the title page of the answer-book.

Roll No.

- Please check that this question paper contains 15 printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains 18 questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

SUMMATIVE ASSESSMENT – II

বাংলা

BENGALI

সময় : 3 ঘণ্টা — *সর্বমোট অংক : 90*

Time allowed : 3 hours — *Maximum Marks : 90*

The question paper is divided into four sections.

SECTION A : Reading (Comprehension)

SECTION B : Writing (Composition)

SECTION C : Grammar

SECTION D : Literature (Text Books & Supplementary Reader)

PDF Compressor Pro

SECTION A

বোধ পরীক্ষণ

Reading (Comprehension)

1. নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও । উত্তরগুলি তিনটি বিকল্প বাক্য থেকে বেছে লিখতে হবে । 2+2+1=

শিবপুর আর একটি প্রাচীন জায়গা । অনেক শিবমন্দির থাকার দরুণই হয়তো এই জায়গাটির নাম শিবপুর হয়েছে । এই বনেদী জায়গা হাওড়ার শিক্ষা-দীক্ষা-শিল্প-সংস্কৃতির পুরোভাগে । এর কিছুটা নীচ দিয়েই বয়ে যেত সরস্বতী নদী বেতোড়ের দিকে । নবাব মুর্শিদকুলি খানের অনুমতি নিয়ে ইংরেজরা শিবপুরে 1714 সালে একটা বাণিজ্যকুঠি স্থাপন করে । কর্নেল কিড, এশিয়ার মধ্যে প্রথম, বহু প্রজাতির গাছপালা লাগিয়ে এখানে এক বিরাট বাগান তৈরি করেন । দুশো তিয়াত্তর একর জমি নিয়ে তিনি পৃথিবীর বিভিন্ন দেশ থেকে এবং হিমালয়ের থেকে কিছু দুর্লভ গাছগাছড়া এনে অতি যত্নে এ বাগানে রোপণ করেন । 1787 সালে এটি 'কোম্পানীর বাগান' নামেই খ্যাত ছিল । পরে এর নাম রাখা হয় 'রয়্যাল বোটানিক গার্ডেনস' । এখন এ নামটি বদলে হয়েছে 'ইন্ডিয়ান বোটানিক গার্ডেনস' । অনেক দুর্লভ ও ভেষজ গাছ নিয়ে এখানে মোট বারোশো প্রজাতির গাছ আছে ।

(ক) অনেক শিবমন্দির থাকায় জায়গাটির নাম কী হয়েছে ?

(i) শিবমন্দির

(ii) শিবপুর

(iii) শিবনগর

(খ) 'কোম্পানীর বাগান' কে তৈরি করেছিলেন ?

(i) মুর্শিদকুলি খান

(ii) কর্নেল হ্যারি

(iii) কর্নেল কিড

(গ) 'শিবপুর একটি প্রাচিন জায়গা', — বাক্যটিকে যৌগিক বাক্যে রূপান্তরিত করলে দাঁড়ায় —

(i) জায়গাটি শিবপুর এবং এটি একটি প্রাচিন জায়গা ।

(ii) এই যে প্রাচীন জায়গা, তার নাম শিবপুর ।

(iii) যে প্রাচীন জায়গাটির কথা বলা হচ্ছে, সেটি শিবপুর ।

২. নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া তিনটি প্রশ্নের উত্তর বেছে নিয়ে লেখ ।

2+2+1=5

বিজ্ঞানীরা আরও আশঙ্কা করেছেন যে গ্লোবাল ওয়ার্মিং-এর প্রভাবে গঙ্গা-সহ ভারতের বড়ো বড়ো নদীগুলির জলপ্রবাহ ক্রমশ হ্রাস পেতে পেতে শুকিয়ে যেতে পারে । তাপমাত্রা বৃদ্ধির কারণে হিমালয়ের হিমবাহগুলি গলতে থাকলে গঙ্গা ও তার অববাহিকা অঞ্চলগুলি হঠাৎ বন্যার জলে ডুবে যেতে পারে এবং হিমবাহগুলির বরফ গলে শেষ হয়ে গেলে গঙ্গায় আর জল থাকবেনা । গঙ্গানদী উত্তর-পূর্ব ভারতের জীবনরেখা । শুধু চাষবাস, শিল্প-বাণিজ্য নয়, এই নদীর সঙ্গে জড়িয়ে আছে ভারতের ধর্ম-সংস্কৃতির আবহমান কালের ইতিহাস ও ঐতিহ্য । সবকিছুই কি একদিন তাহলে শেষ হয়ে যাবে ? এত দ্রুত ?

PDF Compressor Pro

PDF Compressor Pro

(ক) গঙ্গার মত বড় বড় নদীগুলির জলপ্রবাহ ঠিক যে কারণে শুকিয়ে যাবে বলে বিজ্ঞানীরা ভয় পাচ্ছেন তা হল —

(i) "গ্লোবালাইজেশন"

(ii) "গ্লোবাল ওয়ার্মিং"

(iii) "গ্লোবাল ক্লাইমেট"

(খ) গঙ্গানদী শুধু ভারতের চাষবাস বা শিল্পবাণিজ্যকেই পুষ্ট করেনি; আরো যা এ-নদীর সঙ্গে জড়িয়ে আছে তা হল —

(i) ভারতের অর্থনৈতিক জীবন

(ii) মানুষের প্রাত্যহিক জীবন

(iii) ভারতের ধর্মসংস্কৃতির ঐতিহ্য

(গ) 'জীবনরেখা' শব্দটি কোন সমাস ?

(i) তৎপুরুষ

(ii) দ্বিগু

(iii) দ্বন্দ্ব

PDF Compressor Pro

3. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ । প্রতি প্রশ্নের জন্য তিনটি করে বিকল্প উত্তর দেওয়া আছে । সঠিক উত্তরটি বেছে নিয়ে লিখতে হবে । *2+2+1=5*

বাংলার ব্রতে নারীদেরই প্রধান স্থান । এই ব্রত অনুষ্ঠানে পূজারী ব্রাহ্মণের উপস্থিতি তেমন দেখা যায়না । ভারতীয় পরিবার-প্রথায় জননীর স্থান সর্বোচ্চে । সমগ্র পরিবারই এক অর্থে তাঁর উপর নির্ভরশীল । বাংলার বিভিন্ন ব্রত পালনে জননীর এক বিরাট ভূমিকা লক্ষ্য করা যায় । ব্রত-পালনের মধ্যে দিয়ে জননী, জায়া, ভগিনী, কন্যা-নারীর চিরকালীন আশা-আকাঙ্ক্ষা, কামনা-বাসনা, স্নেহ-প্রীতি-ভালবাসার কথা জানা যায় । বিশ্বাস ও সংস্কারের বর্শবতী হয়ে নারীরা ব্রত-পালন করে । এই ব্রতের মধ্য দিয়ে তাঁদের মানসিক মুক্তি ঘটে ।

(ক) বাংলার ব্রতের অনুষ্ঠানে কাদের উপস্থিতি থাকে ?

(i) পূজারী ব্রাহ্মণ

(ii) নারী

(iii) পুরুষ

(খ) ব্রত-পালন কারা, কেন করে ?

(i) পূজারী ব্রাহ্মণ, ধর্মীয় কারণে করে

(ii) মেয়েরা, বিশ্বাস ও সংস্কারের বশবর্তী হয়ে করে

(iii) পুরুষেরা, তাদের অধিকার ও কর্তব্য বহাল করার জন্য করে

(গ) 'ভগিনী' শব্দটির লিঙ্গ পরিবর্তন করলে হয় —

(i) পিতা

(ii) পুরুষ

(iii) ভ্রাতা

PDF Compressor Pro

4. নীচের অংশটি পড়ে বিকল্পগুলি থেকে বেছে নিয়ে তিনটি প্রশ্নের উত্তর লেখ। 2+2+1=5

সেবারও গিয়েছিলাম বিড়লা-মন্দিরে, বিশাল শ্বেতপাথরের মন্দির, দ্বারের কাছে ঝুড়ি ঝুড়ি গোলাপের সুবাস। যে আসছে, ঠোঙা-ভরা ফুল কিনে নিয়ে ভিতরে ঢুকছে। ধাপে-ধাপে সিড়ি উঠি — এদিকে বাঘ, ওদিকে সিংহ; সারি-সারি হাতি রেলিঙের গায়ে শুঁড়ে-শুঁড় জড়িয়ে। পদ্ম-কুঁড়ি ঝোলে কার্নিশ বেয়ে। ঘটের উপর সাজানো অর্ঘ্য প্রতি থামের গায়ে। রঙিন ছবি, খোদাই ছবি সাদা দেয়াল জোড়া। পুরাণগাথা ঠাসা ফাঁকে ফাঁকে। কাটা পাথরের হলুদ নক্‌শার পদ্ম লুটায় মেঝেতে। বাঁধানো শুক্‌নো ক্যানেল মন্দির ঘিরে। বাঘের মুখের প্রকান্ড হাঁ-এর ভিতর নকল গুহা — তারপরে উট, গণ্ডার, ঝরনা, ঝোপ-ঝাড়ের শখের বন, ঝোলা দোলনা — সব পেরিয়ে জারুলতলায় আলুকাবলি খেয়ে যখন বাইরে বেরিয়ে আসি, হঠাৎ মনে পড়ে, তাই তো, সবই দেখলাম কিন্তু মন্দিরের ঠাকুরকে দেখলাম না তো?

(ক) কার্নিশ বেয়ে কী ঝুলছিল?

(i) হাতিরা শুঁড়ে-শুঁড় জড়িয়ে

(ii) পদ্ম-কুঁড়ি

(iii) হাতি আর সিংহ

(খ) বাঘের মুখের প্রকান্ড হাঁ-এর ভিতরে কী ছিল?

(i) ক্যানেল

(ii) ঝরনা

(iii) নকল গুহা

(গ) 'বিশাল শ্বেতপাথরের মন্দির, দ্বারের কাছে ঝুড়ি ঝুড়ি গোলাপের সুবাস।'

— বাক্যটি হল —

(i) যৌগিক বাক্য

(ii) জটিল বাক্য

(iii) সরল বাক্য

PDF Compressor Pro

SECTION B

নির্মিতি (রচনা)

Writing (Composition)

5. তোমাদের স্কুলের নবম-দশম শ্রেণীর উদ্যোগে পার্শ্ববর্তী বস্তি-এলাকার পাঁচ থেকে বারো বছর পর্যন্ত বাচ্চাদের জন্য একটি বসে-আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল । প্রতিযোগিতায় অংশগ্রহণকারী চল্লিশটি বাচ্চাকে পুরস্কৃত করা হবে । এই মর্মে স্কুলের দায়িত্বপ্রাপ্ত ছাত্র-প্রতিনিধি হিসাবে ইচ্ছুক ছাত্র-বন্ধুদের কাছে অর্থসাহায্য চেয়ে স্কুল নোটিস বোর্ডে দেওয়ার জন্য একটি নোটিস লেখ । 5

অথবা

তোমাদের স্কুলের নবম-দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য একটি তাৎক্ষণিক বক্তৃতার আয়োজন করা হয়েছে । এই প্রতিযোগিতার ভারপ্রাপ্ত ছাত্র-প্রতিনিধি হিসাবে স্কুলের নোটিস বোর্ডে দেওয়ার জন্য একটি নোটিস/বিজ্ঞপ্তি লেখ ।

6. দৈনন্দিন জীবনে পরিবারের জন্য সময়ের অভাব শহরে-শহরে বৃদ্ধাশ্রমগুলিকে বাড়িয়ে তুলছে — এই বিষয়ে একটি প্রতিবেদন লেখ । 5

অথবা

'কার-পুল' (একই গাড়িতে একসঙ্গে যাতায়াত)-এর উপযোগিতা বিষয়ে একটি প্রতিবেদন লেখ ।

SECTION C

ব্যাকরণ (ভাষা)

Grammar

7. নীচে লেখা প্রতিটি প্রশ্নে একই শব্দের তিনটি করে বানান দেওয়া আছে । সঠিক বানানটি বেছে নিয়ে লেখ । 1×5=5

(ক) পুন্য/ পূন্য/ পুণ্য

(খ) দর্শণ/ দর্শন/ দর্ষন

(গ) ভৌগলিক/ ভৌগোলীক/ ভৌগোলিক

(ঘ) দুরাবস্থা/ দূরাবস্থা/ দুরবস্থা

(ঙ) পুরস্কার/ পুরষ্কার/ পুরশ্কার

8. বিসর্গ-সন্ধি সম্পর্কিত নীচের প্রশ্নগুলির প্রতিটির জন্য তিনটি করে উত্তরের বিকল্প দেওয়া হয়েছে । সঠিক উত্তরটি বেছে লেখ । 1×5=5

(ক) 'দুরদৃষ্ট' সন্ধি বিচ্ছেদ করলে হয় —

(i) দুঃ + অদৃষ্ট

(ii) দুরঃ + অদৃষ্ট

(iii) দুরঃ + দৃষ্ট

(খ) 'নিঃ + ঠুর' সন্ধি করলে হয় —

(i) নিঠুর

(ii) নিষ্ঠুর

(iii) নিশ্ঠুর

PDF Compressor Pro

(গ) 'শিরশ্ছেদ' শব্দের সন্ধি-ছেদ করলে হয় —

(i) শিরঃ + ছেদ

(ii) শিঃ + উচ্ছেদ

(iii) শির্ + ছেদ

(ঘ) 'অন্তরীক্ষ' সন্ধিবিচ্ছেদ করলে হয় —

(i) অন্তঃ + ইক্ষ

(ii) অনঃ + ঈক্ষ

(iii) অন্তঃ + ঈক্ষ

(ঙ) 'চতুঃ + পার্শ্ব' সন্ধি করলে হয় —

(i) চতুষ্পার্শ্ব

(ii) চতুস্পার্শ্ব

(iii) চতুর্পার্শ্ব

9. বাক্যের রূপান্তরসাধন সম্পর্কিত নীচের প্রশ্নগুলিতেও তিনটি করে বিকল্প উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে লেখ। *1×5=5*

(ক) 'মা যাচ্ছিলেন মেজমামার সঙ্গে কারোয়ারে।' বাক্যটিকে জটিল বাক্যে রূপান্তরিত করলে দাঁড়ায় —

(i) মা মেজমামার সঙ্গে কারোয়ারে যাচ্ছিলেন।

(ii) মা এবং মেজমামা কারোয়ারে যাচ্ছিলেন।

(iii) মেজমামা যখন কারোয়ারে যাচ্ছিলেন তখন মা সঙ্গে গেলেন।

PDF Compressor Pro

(খ) 'মহীশূর বাসে যে ভারত আমার হৃদয়ে প্রতিভাত হল সে এক অপূর্ব নূতন ভারত।' — এই বাক্যটিকে সরল বাক্যে লিখলে হবে —

(i) মহীশূর বাসের সময় আমার হৃদয়ে এক ভারত প্রতিভাত হল; সে এক অপূর্ব নূতন ভারত।

(ii) মহীশূর বাসে আমার হৃদয়ে এক অপূর্ব নূতন ভারত প্রতিভাত হল।

(iii) যখন মহীশূরে বাস করি তখন আমার হৃদয়ে এক অপূর্ব ভারত প্রতিভাত হল।

(গ) নিম্নলিখিত কোন বাক্যটি যৌগিক বাক্য ?

(i) পড়ে গিয়ে ছেলেটির হাত-পা ভেঙেছে।

(ii) ছেলেটি পড়ে গেছে এবং হাত-পা ভেঙেছে।

(iii) ছেলেটি যখন পড়ে গেল তখন তার হাত-পা ভেঙেছে।

(ঘ) সরল বাক্য কোনটি ?

(i) চাকরির শখ মিটেছিল বটে; কিন্তু স্বাধীন হওয়ার শখ মেটেনি।

(ii) চাকরির শখ যখন মিটে গেল, স্বাধীন হওয়ার শখ তখনও মিটল না।

(iii) চাকরির শখ মিটলেও স্বাধীন হওয়ার শখ মেটেনি।

(ঙ) নিম্নলিখিত কোন বাক্যটি জটিল বাক্য ?

(i) ভয় পেলে ঈশ্বরকে স্মরণ কোরো, তিনি রক্ষা করবেন।

(ii) ভয় পেয়ে ঈশ্বরকে স্মরণ করলে তিনি রক্ষা করবেন।

(iii) যদি ভয় পেয়ে ঈশ্বরকে স্মরণ করো, তিনি রক্ষা করবেন।

PDF Compressor Pro

10. নীচের প্রশ্ন পাঁচটি 'একই শব্দের বিভিন্নার্থে' প্রয়োগ বিষয়ক । বিকল্পগুলি থেকে সঠিক উত্তর বেছে নাও । 1×5=5

(ক) 'মাথা' কথাটি কোথায় শ্রদ্ধা হিসাবে ব্যবহৃত হয়েছে ?
(i) ও আমার দেশের মাটি, তোমার পরে ঠেকাই মাথা ।
(ii) মাথায় এত চিন্তা নিয়ে কাজ করা যায় ?
(iii) ছেলেটির অঙ্কের মাথা খুব ভাল ।

(খ) 'অর্থ' শব্দটি কোথায় টাকাপয়সা হিসাবে ব্যবহৃত হয়েছে ?
(i) তোমার কথার অর্থ ঠিক বুঝলাম না ।
(ii) অর্থ দিয়ে কি আর সব কিছু কেনা যায় ?
(iii) শিক্ষার্থীসকল শিক্ষার্থে গুরুগৃহে আসে ।

(গ) 'কথা দাও যে তুমি পড়াশুনা করবে' — এই বাক্যে 'কথা' শব্দটির অর্থ —
(i) প্রতিশ্রুতি
(ii) প্রসঙ্গ
(iii) পরামর্শ

(ঘ) 'যেমন কর্ম, তেমনি ফল পেয়েছে !' — বাক্যটিতে 'ফল' শব্দটি যে-অর্থে ব্যবহৃত হয়েছে, তা হল —
(i) বৃক্ষের শস্য
(ii) উপকার
(iii) পরিণাম

(ঙ) 'কর' শব্দটি কোথায় কিরণ হিসাবে ব্যবহৃত হয়েছে ?
(i) কর গুণে বলে দিতে পারি ক'দিন ওখানে গেছি !
(ii) হেথাও তো পশে সূর্যকর, দিবার সময়ে !
(iii) কোমল করে তুমি আশীর্বাদ কর মাতা !

PDF Compressor Pro

SECTION D

সাহিত্য (পাঠ্যপুস্তক ইত্যাদি)

Literature (Text Books & Supplementary Reader)

11. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : 5

এইরূপে পরস্পরের পার্শ্বে সৃষ্ট জগৎ ও সৃষ্টিকর্তার হস্তের আয়ুধ সাকাররূপে দর্শন করিলাম ।

অথবা

এই সমস্ত রূপ-কথা, পল্লিগাথা, ছড়া প্রভৃতি দেশের আলো জল বাতাসের মতো সকলেরই সাধারণ সম্পত্তি ।

12. 'কিন্তু হায় ! এ-কাজের জন্য সাহিত্যের স্বেচ্ছাসেবক দল কই ?'

(i) কোন লেখকের লেখা ?

(ii) কীসের জন্য সাহিত্যের 'স্বেচ্ছাসেবক দল' কে প্রয়োজন ?

(iii) 'স্বেচ্ছাসেবকদল' কথাটির অর্থ বুঝিয়ে দাও । *1+2+2=5*

অথবা

'সাহেব নিজের এই অবিকল অনুকরণ দেখিয়া সন্তোষলাভ করেন নাই ।'

(i) লেখকের নাম লেখ ।

(ii) কোন সাহেব কী দেখে সন্তোষলাভ করেন নি ?

(iii) কীসের 'অবিকল অনুকরণ' হয়েছিল লেখ ।

13. 'যে যায় সে কোথা যায় ? আমার প্রিয়জন আজ কোথায় ?'

(i) কোন গদ্যাংশ থেকে নেওয়া হয়েছে ?

(ii) কেন এ প্রশ্ন লেখকের মনে এল ?

(iii) উত্তর লেখক কোথায় পেলেন ? জীবনচক্রটি খুব সংক্ষেপে বুঝিয়ে দাও । *1+2+2=5*

অথবা

PDF Compressor Pro

'সেখান হইতে তিনি তাপিতকে ছায়া এবং ক্ষুধিতকে ফলদান করিতেন ।'

(i) উল্লিখিত 'তিনি' কে ?

(ii) 'সেখান হইতে...' — কোথা থেকে তিনি তাপিতকে ছায়া এবং ক্ষুধিতকে ফলদান করতেন ?

(iii) 'তাপিতকে ছায়া এবং ক্ষুধিতকে ফলদান' এর যে-কোনো দুটি নিদর্শন দাও ।

14. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : 5

নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা !

অথবা

জানে না কে কোথা যাবে, জোটে হেথা তাই ভাবে

পাঠশালা, — যেন পান্থশালা ।

15. ভাবিলাম হায়, আর কি কোথায় ফিরে পাব সে-জীবন ।

(i) উক্তিটির বক্তা কে ?

(ii) কোন জীবনের কথা ভেবে বক্তা তা ফিরে পেতে চান ?

(iii) তিনি কি তা পেয়েছিলেন ? পরবর্তীতে কী ঘটেছিল ? 1+2+2=5

অথবা

স্বচ্ছতায় শুধু হেরি আমার জীবন ঘেরি'

ভাসে শুধু ম্লান মুখগুলি ।

(i) কবিতার নাম লেখ ।

(ii) মুখগুলি ম্লান কেন ?

(iii) কবিতাটির মূল বক্তব্য খুব সংক্ষেপে লেখ ।

PDF Compressor Pro

16. সচকিতে বীরবর দেখিলা সম্মুখে
ভীমতম শূল হস্তে, ধূমকেতুসম
খুল্লতাত বিভীষণে-বিভীষণ রণে !

(i) কবির নাম লেখ ।

(ii) 'ধূমকেতুসম খুল্লতাত বিভীষণ' বাক্যাংশটি বুঝিয়ে দাও । 'ধূমকেতুসম' কেন বলা হল ?

(iii) বিভীষণকে 'বীরবর' কীভাবে তিরস্কার করলেন ? *1+2+2=5*

অথবা

মনে ভাবিলাম মোরে ভগবান রাখিবে না মোহগর্তে ।
তাই লিখি দিল বিশ্বনিখিল দু'বিঘার পরিবর্তে ।

(i) কোন কবিতার অংশ ?

(ii) কেন বক্তা এ কথা ভাবলেন ?

(iii) ঘটনাটি কি সত্যই এরকম ঘটছিল ? বুঝিয়ে দাও ।

17. তুষের আগুন যেমন প্রথমে ধিক-ধিক শেষে হঠাৎ ধূ-ধূ করে জ্বলে ওঠে, তেমনি গোহের পর থেকে রাজপুতদের উপর ভীলদের রাগ ক্রমে ক্রমে অল্পে-অল্পে বাড়তে-বাড়তে একদিন দাউ-দাউ করে পাহাড়ে-পাহাড়ে বনে-বনে দাবানলের মতো জ্বলে উঠল ।

(i) কোন অধ্যায়ে কে লিখেছেন ?

(ii) রাজপুতদের উপর ভীলদের রাগ বাড়ছিল কেন ?

(iii) এর পরিণাম নাগাদিত্যকে কীভাবে ভোগ করতে হল ? *1+2+2=5*

অথবা

"দেখবে এস না মা" —

(i) কে, কাকে একথা বললেন ?

(ii) তাঁরা কোথায় গিয়ে কী দেখলেন ?

(iii) এর পর কোন্ ঘটনাটি ঘটল ?

PDF Compressor Pro

18. 'লছমীরানী হাম্বিরকে সিংহাসনে বসিয়ে উজলাগ্রামে তাঁর বাপের বাড়ি চলে গেলেন... ।'

(i) কোন অধ্যায় থেকে নেওয়া হয়েছে ?

(ii) হাম্বিরকে লছমীরানী চিতোর দুর্গ জয় করার জন্য কীভাবে অনুপ্রাণিত করতেন ?

(iii) হাম্বিরকে কমলরানীই বা কীভাবে সাহায্য করেছিলেন ? *1+2+2=5*

অথবা

"অত বড় রাজপুরী, যেন জনমানব নেই" —

(i) এ কথা কার মনে হয়েছিল ?

(ii) কেন তাঁর একথা মনে হল ? ঘটনাটি লেখ ।

(iii) এর পর তিনি কী করলেন ?